

“প্রশিক্ষণ নিন, আত্মকর্মে হোন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

www.dyd.gov.bd

স্মারকনং ৩৪.০১.০০০০.০০৯.৪৪.০০৬.১৩.১৫

তারিখঃ ০১/০২/২০১৫

বিষয়ঃ অবৈধ পথে যাতে যুবরা বিদেশ না যায় সে লক্ষ্যে শ্লোগান প্রচারের জন্য পত্র শিরোনাম/ব্যানার /ফেস্টুন তৈরীর নিমিত্তে নমুনা ও অর্থ বরাদ্দ প্রেরণ প্রসংগে।

উপরোক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, গত ৩০ অক্টোবর /২০১৪ তারিখ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় পরিদর্শনকালে মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনা অনুযায়ী “অবৈধ পথে যাতে যুবরা বিদেশ না যায়” সে লক্ষ্যে যুবদের সচেতনতা বৃদ্ধির নিমিত্ত বিভিন্ন শ্লোগান সংযোজনপূর্বক পত্র শিরোনাম/ব্যানার/ফেস্টুন তৈরীর উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২। যুবদের অবৈধ পথে বিদেশ গমন প্রতিরোধ এবং প্রশিক্ষণ নিয়ে আত্মকর্মে হওয়ার জন্য উদ্বুদ্ধকরণার্থে ব্যাপক প্রচার /প্রচারণা জোরদারকরণের নিমিত্তে প্রশিক্ষণ ক্লাশে ফেস্টুনের মাধ্যমে প্রচারের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করার জন্য তিন ধরনের নমুনা প্রধান কার্যালয়ের ওয়েব সাইটে এবং জেলা কার্যালয়ের ই-মেইল নম্বরে প্রেরণ করা হয়েছে। উক্ত নমুনা মোতাবেক ফেস্টুন তৈরী করে অগ্রগতি তথ্য পত্র জারীর ৭ দিনের মধ্যে ই-মেইল নং publication79@yahoo.com এ জানানোর জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো। উল্লেখ্য প্রতিটি জেলা কার্যালয়ের অনুকূলে ফেস্টুন তৈরীর ব্যয় মিটানোর জন্য ১০০০/- (এক হাজার) টাকা বাজেট বরাদ্দ দেয়া হয়েছে। শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র ও কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র তাদের বিদ্যমান প্রশিক্ষণ খাতের বরাদ্দ থেকে উক্ত ফেস্টুন তৈরীর ব্যবস্থা নিবেন।

৩। প্রতিটি কার্যালয়ে/শাখায় প্রস্তুতকৃত পত্রের শিরোনামে “প্রশিক্ষণ নিন, আত্মকর্মে হোন” শ্লোগানটি ব্যবহার করার জন্য পরামর্শ দেয়া হলো।

৪। যুব উন্নয়ন অধিদপ্তরের শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের সকল প্রকার প্রশিক্ষণ কর্মশালা ও সেমিনারের ব্যানারে শ্লোগানগুলো প্রচারের ব্যবস্থা করার জন্য পরামর্শ দেয়া হলো।

এমতাবস্থায়, প্রেরিত নমুনা মোতাবেক শ্লোগানগুলো অনতিবিলম্বে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্ত : শ্লোগানের নমুনা।

(মোঃ সাইদুর রহমান সেলিম পিএইচডি)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

প্রাপকঃ

১। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, সাতার, ঢাকা।

২। উপ-পরিচালক/কো-অর্ডিনেটর.....(সকল).জেলা।

৩। অধ্যক্ষ, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, সাতার, ঢাকা।

৪। ডেপুটি কো অর্ডিনেটর.....(সকল) জেলা।

অনুলিপি বিতরণঃ

০১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

০২। পরিচালক/প্রকল্প পরিচালক(সকল) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

০৪। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল).....।

০৫। উপ-পরিচালক(অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা(সকল).....।

০৭। সহকারী পরিচালক(আইসিটি) শাখাকে সংযুক্ত শ্লোগানসমূহ ও ফেস্টুনের নমুনা ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো।

০৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা সাতার উপজেলা পরিষদ, ঢাকা।

০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১০। অফিস কপি।

[Type text]

১. জীবনের ঝুঁকি নিয়ে
অবৈধ পথে বিদেশ যাবেন না।

২. বিদেশ যেতে চান?
প্রশিক্ষণ নিয়ে দক্ষ কর্মী হিসেবে
বৈধ পথে যান।

৩. যে দেশে যেতে চান
সে দেশের ভাষা ও
আইন কানুন জেনে নিন।



যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
১০৮, মতিঝিল, ঢাকা-১০০০



Website: www.dyd.gov.bd

Facetune: Size 2'x3'

১. বিদেশে গিয়ে আইন ভঙ্গ করবেন না
জেলে যাবেন না
পরিবার ও নিজের মঙ্গলের কথা ভাবুন।

২. অবৈধ পথে বিদেশ যাবেন না
প্রতারণিত হবেন না।
যদি যেতে চান
বৈধ পথে সম্মানের সাথে যান।

৩. বিদেশে যেতে চান?
প্রশিক্ষণ নিন
দক্ষতা অর্জন করুন
আয় বাড়ান।



যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

১০৮, মতিঝিল, ঢাকা-১০০০

Website: www.dyd.gov.bd



Facetune: Size 2'x3'

১. বিদেশে যাচ্ছেন?
বৈধ পথে যাচ্ছেন কিনা
জেলায় অবস্থিত জনশক্তি ও
কর্মসংস্থান অফিসে গিয়ে
সরাসরি জেনে নিন।
২. দালালের মাধ্যমে বিদেশে যাবেন না
নিজেই এজেন্সীর সাথে যোগাযোগ করুন।
৩. ভিসা সঠিক কি না
স্থানীয় জনশক্তি ও কর্মসংস্থান অফিসে
গিয়ে যাচাই করুন।



যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
১০৮, মতিঝিল, ঢাকা-১০০০
Website: www.dyd.gov.bd



Facetune: Size 2'x3'